"ছেলে হোক,মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
কমলগঞ্জ,মৌলভীবাজার
ই-মেইলঃ- ufpokamalganj@yahoo.com

স্মারক নংঃউপপকা/কমল/২০২০/৪৪ তারিখঃ১৭/০২/২০২০খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবার পরিকল্পনা অধিদপ্তরের স্মারক নংঃপপঅ/সিসিএসডিপি/PPV-প্রশা-২৮২/২০১৮/অংশ-৩/নিয়োগ/২০১৯-২০/৪৪০৪ তারিখঃ ০২/০২/২০২০ মোতাবেক দূর্গম ও কম অগ্রগতি সম্পন্ন মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলায় স্থায়ী ও দীর্ঘমেয়াদী কার্যক্রমের গতিশীলতা এবং মা ও শিশু স্বাস্থ্য সেবার মান উন্নয়নের লক্ষ্যে নিয়মিত মাঠকর্মীদের পাশাপাশি "কাজ নাই , ভাতা নাই" ভিত্তিতে Paid Peer Volunteer পদে নিয়োগের জন্য নিম্নবর্ণিত সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত নিয়োগাধীন পদের সংখ্যা অনুযায়ী বর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| পদের নাম ও বেতন | ইউনিয়নের নাম | প্রস্তাবিত পদের সংখ্যা | যারা আবেদন করতে পারবেন | যোগ্যতা |
|---|---|---|---|---|
| "কাজ নাই , ভাতা নাই" ভিত্তিতে<br>**Paid Peer Volunteer**<br>বেতনঃ দৈনিক যাতায়াত ভাতা বাবদ-৩০০/-(তিনশত)টাকা ও নাস্তা বাবদ ১০০/-(একশত) টাকা মোটঃ- ৪০০/(চারশত)টাকা | রহিমপুর | ৪(চার) জন | মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলার আওতাধীন সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা | ১। কর্মএলাকার (ইউনিয়নের) স্থায়ী বাসিন্দা,বিবাহিতা মহিলা এবং কর্ম এলাকায় অবস্থান করা।<br>২। ন্যূনতম ৮ম শ্রেণি পাশ।<br>৩। শারীরিক ও মানসিকভাবে সুস্বাস্থ্যের অধিকারী (যোগদানের সময় মেডিকেল সার্টিফিকেট দিতে হবে)।<br>৪। সমাজকল্যাণমুলক কাজ করতে আগ্রহী।<br>৫। বয়স সর্বোচ্চ ৩০ বছর পর্যন্ত (০৩/০৩/২০২০ খ্রিঃ তারিখে)<br>৬। স্বাস্থ্য,পরিবার পরিকল্পনা ও পুষ্টি সংক্রান্ত কাজে পূর্ব অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার প্রদান করা হবে।<br>৭। সন্তুষ্ট LARC & PM গ্রহীতাদের অগ্রাধিকার দেয়া হবে।<br>৮। দুই সন্তানের অধিক সন্তান বিশিষ্ট দম্পতি অযোগ্য হিসাবে বিবেচিত হবেন।<br>৯। মুক্তিযোদ্ধা পোষ্যদের সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হবে। |
| | পতনঊষার | ৩(তিন) জন | | |
| | মুন্সীবাজার | ৩(তিন) জন | | |
| | শমসেরনগর | ৩(তিন) জন | | |
| | কমলগঞ্জ | ৪(চার) জন | | |
| | আলীনগর | ২(দুই) জন | | |
| | আদমপুর | ৪(চার) জন | | |
| | মাধবপুর | ৩(তিন) জন | | |
| | ইসলামপুর | ৫(পাঁচ) জন | | |
| | সর্বমোট | ৩১(একত্রিশ) জন | | |

## আবেদনের নিয়মাবলীঃ

Paid Peer Volunteer হিসেবে কাজ করতে ইচ্ছুক প্রার্থীকে মেডিকেল অফিসার(এম সি এইচ-এফ পি), উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, কমলগঞ্জ ,মৌলভীবাজার ও সদস্য-সচিব Paid Peer Volunteer নিয়োগ কমিটি এর বরাবর নিম্নলিখিত তথ্যাদি সহ আবেদনপত্র জমা দিতে হবেঃ-

(ক) প্রার্থীর পূর্ণ নাম (বাংলা ও ইংরেজী) (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্বামীর নাম (ঙ) ইউনিয়ন,ওয়ার্ড ও ইউনিটের নাম (চ) বর্তমান ও স্থায়ী ঠিকানা (ছ) জন্ম তারিখ(শিক্ষাগত যোগ্যতার সনদ অনুযায়ী) (জ) বয়স (০৩/০৩/২০২০ খ্রিঃ তারিখে) (ঝ) জাতীয় পরিচয়পত্রের নম্বর (ঞ) মোবাইল নম্বর (ট) শিক্ষাগত যোগ্যতা (ঠ) সন্তান সংখ্যা।

## আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি দাখিল করতে হবেঃ-

(১) দুই কপি সদ্যতোলা সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি (২)শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র (৩) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর নিকট হতে গৃহীত নাগরিক/চারিত্রিক সনদপত্র এবং সন্তান সংখ্যা উল্লেখপূর্বক বৈবাহিক সনদপত্র (৪) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি (৫)অভিজ্ঞতার (সমাজকল্যাণমূলক চাকুরী) সত্যায়িত সনদপত্র (যদি থাকে)।

## শর্তসমূহঃ

১। মেডিকেল অফিসার(এম সি এইচ-এফ পি) ও সদস্য-সচিব Paid Peer Volunteer নিয়োগ কমিটি, উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, কমলগঞ্জ ,মৌলভীবাজার এর বরাবর প্রার্থীর নিজ স্বাক্ষরিত আবেদন পত্র আগামী ০৩/০৩/২০২০ খ্রিঃ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময়ে (ছুটির দিন ব্যতীত) বাহক অথবা ডাকযোগে পৌছাতে হবে।

২। অস্পষ্ট, ত্রুটিপূর্ণ ও প্রার্থীর স্বাক্ষরবিহীন আবেদন বাতিল বলে গণ্য হবে।

৩। Paid Peer Volunteer গণকে ০১ (এক) বছরের জন্য নিয়োগ প্রদান করা হবে। কর্মদক্ষতার ভিত্তিতে বছরভিত্তিক এ নিয়োগ নবায়ন করা হবে।

৪। অর্পিত দায়িত্ব পালন এবং কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক না হলে কর্তৃপক্ষ নিয়োগ বাতিল করতে পারবেন।

৫। স্বেচ্ছায় দায়িত্ব হতে অব্যাহতি চাইলে কমপক্ষে ০১ (এক) মাস পূর্বে কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

৬। অধিদপ্তর হতে সরবরাহকৃত পোশাক পরিধান করে কর্ম এলাকায় অবস্থান এবং কাজ করতে হবে।

৭। প্রার্থীদের আবেদন পত্র বাছাই করে যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করার নিমিত্তে পরীক্ষার স্থান, তারিখ ও সময়সূচী উল্লেখ পূর্বক তালিকা উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে এবং আলাদা প্রবেশপত্র ইস্যু করা হবে। মৌখিক পরীক্ষার সময় সকল কাগজপত্রের মূলকপি সঙ্গে নিয়ে আসতে হবে।

৮। ১০০(একশত) নম্বরের মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রার্থী নির্বাচন করা হবে। পরীক্ষা বাবদ কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১০। নিয়োগ পাওয়ার পর কর্তৃপক্ষের নির্দেশ অনুযায়ী ইউনিয়নের ভিতরে যে কোন এলাকায় কাজ করতে হবে।

১১। নির্ধারিত কর্ম এলাকায় সপ্তাহে ০৫ (পাঁচ) দিন ফিল্ড ভিজিট ও প্রতিদিন ১৫-২০ টি যুব দম্পতিদের কাউন্সেলিং করা। মাসে সর্বোচ্চ ২১-২২ দিন ফিল্ড ভিজিট/ক্লায়েন্ট রেফার করা।প্রতি মাসে ১ দিন ১৫-২০ জোড়া যুব দম্পতিদের নিয়ে উঠান বৈঠক করতে হবে এবং হাজিরা নিতে হবে।

১২। বাড়ি পরিদর্শনসহ যে কোন দিন ক্লায়েন্ট রেফার করবেন এবং বিধি মোতাবেক রেফারাল ফি প্রাপ্ত হবেন।

১৩। আবেদন পত্রের খামের উপরিভাগে Paid Peer Volunteer এবং ইউনিয়নের নাম মোটা কালিতে উল্লেখ করতে হবে।

১৪। ভবিষ্যতে তথ্যের গরমিল পাওয়া গেলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষরিত
(ডাঃরনজন চন্দ্র দাশ)
মেডিকেল অফিসার,এম সি এইচ-এফ পি(অঃদাঃ)
ও সদস্য-সচিব Paid Peer Volunteer নিয়োগ কমিটি
কমলগঞ্জ ,মৌলভীবাজার

স্মারক নং:উপপকা/কমল/২০২০/৪৪/২(১৬)

তারিখ:১৭/০২/২০২০খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জনাব উপাধ্যক্ষ ড. মো: আব্দুস শহীদ,মাননীয় জাতীয় সংসদ সদস্য,মৌলভীবাজার-৪ ও সম্মানিত উপদেষ্টা,**Paid Peer Volunteer** নিয়োগ কমিটি।
২. লাইন ডাইরেক্টর(সিসিএসডিপি),পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬,কাওরান বাজার, ঢাকা-১২১৫।
৩. পরিচালক,পরিবার পরিকল্পনা ,সিলেট বিভাগ,সিলেট।
৪. উপ-পরিচালক,পরিবার পরিকল্পনা ,মৌলভীবাজার।
৫. চেয়ারম্যান,উপজেলা পরিষদ ও সভাপতি ,**Paid Peer Volunteer** নিয়োগ কমিটি,কমলগঞ্জ,মৌলভীবাজার ।
৬. উপজেলা নির্বাহী অফিসার ও সহ-সভাপতি, **Paid Peer Volunteer** নিয়োগ কমিটি,কমলগঞ্জ,মৌলভীবাজার ।
৭. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সদস্য,**Paid Peer Volunteer** নিয়োগ কমিটি,কমলগঞ্জ,মৌলভীবাজার ।
৮. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সদস্য,**Paid Peer Volunteer** নিয়োগ কমিটি,কমলগঞ্জ,মৌলভীবাজার ।
৯. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সদস্য,**Paid Peer Volunteer** নিয়োগ কমিটি,কমলগঞ্জ,মৌলভীবাজার ।
১০. সম্পাদক,দৈনিক মানবজমিন,জেনিথ টাওয়ার,৪০ কাওরান বাজার,ঢাকা-১২১৫ ।উক্ত বিজ্ঞাপনটি.............. সাইজের ভিতরের পাতায় ০১(এক) দিনের জন্য আপনার পত্রিকায় স্বল্প পরিসরে প্রকাশ করে নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারিত সংখ্যার ০৫(পাঁচ)টি কপি নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১১. সম্পাদক,দৈনিক মৌমাছি কণ্ঠ,সেন্ট্রাল রোড,জুলিয়া শপিং সিটি(২য় তলা), মৌলভীবাজার ।উক্ত বিজ্ঞাপনটি.............. সাইজের ভিতরের পাতায় ০১(এক) দিনের জন্য আপনার পত্রিকায় স্বল্প পরিসরে প্রকাশ করে নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারিত সংখ্যার ০৫(পাঁচ)টি কপি নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১২. নোটিশ বোর্ড , উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/অত্র কার্যালয়/ওয়েব পোর্টাল ,কমলগঞ্জ,মৌলভীবাজার।
১৩. অফিস কপি।

17/02/2020

(ডা:রঞ্জন চন্দ্র দাশ)
মেডিকেল অফিসার,এম সি এইচ-এফ পি(অ:দা:)
ও সদস্য-সচিব **Paid Peer Volunteer** নিয়োগ কমিটি
কমলগঞ্জ ,মৌলভীবাজার